

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.১০১.২১.০০২.২০-৫৭১

তারিখ : ২৭ অক্টোবর ১৪৩১  
২২ ডিসেম্বর ২০২৪

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুষ্ঠানসহ লিখন এবং প্রতিষ্ঠানস্বত্বকর্তার যথাসময়ে ডেসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ ও সংরক্ষণ।

সূত্র: স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.১০১.২১.০০২.২০-৫৭১, তারিখ: ৩০/০৯/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব এবং ১০ম গ্রেড এর কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসন শাখায় সংরক্ষণ করা হয়। উক্ত গোপনীয় অনুবেদনে প্রায়ই সর্বশেষ গোপনীয় অনুবেদন অনুশাসনমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করে ফরম পূরণ, অনুষ্ঠানসহ লিখন এবং প্রতিষ্ঠানস্বত্বকর্তার যথাসময়ে ডেসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ করা হয় না। ফলে পদোন্নতিসহ অন্যান্য ক্ষেত্রে দ্রুত ও সঠিক তথ্য প্রদানে জটিলতার সৃষ্টি হচ্ছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। উল্লেখ্য যে, ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মচারীর জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এবং ১০ম গ্রেড-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' অনুসরণ করা হয়। উক্ত অনুশাসনমালার ২.৬ অনুযায়ী অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারীর জন্য নির্ধারিত সময় প্রতি বছর ৩১ জানুয়ারি, অনুবেদনকারীর জন্য নির্ধারিত সময় প্রতি বছর ২৮ বা ২৯ ফেব্রুয়ারি এবং প্রতিষ্ঠানস্বত্বকর্তার জন্য নির্ধারিত সময় প্রতি বছর ৩১ মার্চ সময়ের মধ্যে দাখিলের নির্দেশনা রয়েছে। কিন্তু উক্ত নির্দেশনা থাকা স্বত্বেও অনেক সময় যথাসময়ে ডেসিয়ার সংরক্ষণকারীর দপ্তরে গোপনীয় অনুবেদন প্রেরণ করা হচ্ছে না।


২। এমতাবস্থায়, ৯ম গ্রেড ও তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মচারীর জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এবং ১০ম গ্রেড-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' অনুসরণপূর্বক যথাসময়ে ও যথানিয়মে (বার্ষিক/আংশিক সকল) গোপনীয় অনুবেদন ০২ (দুই) প্রস্ত করে দাখিল ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অনুবেদনাধীন কর্মচারী গোপনীয় অনুবেদন দাখিলের সময় স্বাক্ষরের পর IPEMIS SYSTEM এ উল্লেখিত মোবাইল নম্বর উল্লেখপূর্বক প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ১। স্মারক নম্বর ৫৭১, তারিখ: ৩০/০৯/২০২৪ এর পত্র।

২। সকল গ্রেডের ফরম।

৩। অনুবেদনকারী ও প্রতিষ্ঠানস্বত্বকর্তার নির্ধারণ এবং ডেসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা নির্ধারণ সংক্রান্ত পত্র।

৪। গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন সংক্রান্ত ০৫/১২/২০২৪ তারিখের পত্র।



আলেয়া ফেরদৌসী শিখা

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৫৫০৭৪৯৭৯

ই-মেইল: [dddpeadm@gmail.com](mailto:dddpeadm@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ):

১. বিভাগীয় উপপরিচালক..... (সকল)।
২. উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার..... (সকল)।
৪. পিটিআই সুপারিনটেনডেন্ট..... (সকল)।
৫. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার..... (সকল)।
৬. ইন্সট্রাক্টর (ইউআরসি)..... (সকল)।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পরিচালক (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।